গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
প্রশাসন-৩ শাখা

**জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ বাস্তবায়ন সংক্রান্ত জননিরাপত্তা বিভাগের সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণের সভার কার্যবিবরণী :**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ জাহাংগীর আলম<br>অতিরিক্ত সচিব (রাজনৈতিক ও আইসিটি)<br>জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| তারিখ | : | ২১ মার্চ ২০২১ |
| সময় | : | বেলা ০৩.০০ টা |
| স্থান | : | সভা কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| উপস্থিত সদস্যবৃন্দের নাম ও পদবি | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ বাস্তবায়নে জননিরাপত্তা বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ফোকাল পয়েন্ট কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। তিনি বলেন, জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অর্থবছরে গৃহীত কার্যক্রমসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে এবং প্রত্যেক অধিদপ্তর ও সংস্থাকে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত এ সংক্রান্ত নির্দেশনা ও নীতিমালা এবং অনুশাসনসমূহ যথাযথভাবে পালন করতে হবে। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভায় বিস্তারিত আলোচনা হয়।

২. **আলোচনা:**

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর ৩য় কোয়ার্টার বাস্তবায়ন অগ্রগতি এবং এ বিভাগের আওতাধীন দপ্তর ও সংস্থার জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর ৩য় কোয়ার্টার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাসহ দুর্নীতির ক্ষেত্রসমূহ চিহ্নিতকরণ এবং শুদ্ধাচার পুরস্কার সংক্রান্ত বিষয়সমূহ সভায় উপস্থাপিত হয়। সংস্থাসমূহ কর্তৃক নিয়মিতভাবে নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠান ও এতে সংশ্লিষ্ট সদস্যদের কার্যকর অংশগ্রহণ এবং অংশীজনের অংশগ্রহণের সভা অনুষ্ঠান ও নিজ নিজ সংস্থার বাস্তবায়ন কার্যক্রম হালনাগাদ (Update) করার কার্যকর ব্যবস্থা গ্রহণ, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক সুশাসনের ৫টি জবাবদিহিতামুলক উপকরণ (Five Accountability Tools) সংক্রান্ত তথ্য ও সংশ্লিষ্ট লোগো (Logo) নির্দিষ্ট ক্রম অনুসারে সাজানোসহ সার্বিক বিষয়ে উপস্থিত সদস্যবৃন্দ পৃথক পৃথকভাবে মতামত ব্যক্ত করেন এবং তাদের নিজ নিজ অধিদপ্তর ও সংস্থার বাস্তবায়ন অগ্রগতি সভাকে অবহিত করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

৩. **সিদ্ধান্ত:**

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ৩.১ | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা/নির্দিষ্ট ক্রম অনুযায়ী যে সকল দপ্তর/সংস্থার ওয়েবসাইট/জাতীয় তথ্য বাতায়ন দৃশ্যমান/হালনাগাদ করা হয়নি সে সকল দপ্তর/সংস্থা আগামী ১৫ কার্যদিবসের মধ্যে নিজ নিজ ওয়েবসাইট হালনাগাদ করে অত্র বিভাগের ওয়েবসাইটের সাথে সংযুক্ত করবে। | জননিরাপত্তা বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ |
| ৩.২ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে জননিরাপত্তা বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সবাইকে সচেষ্ট হতে হবে। | জনিরাপত্তা বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ |
| ৩.৩ | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার), স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ, অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS), তথ্য অধিকার সেবাবক্স নিয়মিতি হালনাগাদপূর্বক নিজ নিজ ওয়েবসাইটে প্রকাশ অব্যাহত রাখতে হবে। | জনিরাপত্তা বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ |
| ৩.৪ | দপ্তর/সংস্থাসমূহ এবং এর আওতাধীণ আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের দুর্নীতির ক্ষেত্রসমূহ (Gray Area) চিহ্নিত করে তা দূর করার কার্যকর পদক্ষেপ গ্রহণ অব্যাহত রাখতে হবে। | জননিরাপত্তা বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ |

| | | |
|---|---|---|
| ৩.৫ | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে জননিরাপত্তা বিভাগের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর ৩য় কোয়ার্টার জানুয়ারি-মার্চ/২০২১ বাস্তবায়ন অগ্রগতি ১৫ এপ্রিল ২০২১ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার নির্দেশনা থাকায় জননিরাপত্তা বিভাগ এবং আওতাধীন দপ্তর ও সংস্থাসমূহের ৩য় কোয়ার্টার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ০৮/০৪/২০২১ তারিখের মধ্যে প্রশাসন-৩ শাখা প্রেরণ নিশ্চিত করতে হবে। | জননিরাপত্তা বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ |

৪.০ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত সভার সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের মাধ্যমে জননিরাপত্তা বিভাগের কার্যক্রমকে আরও গতিশীল করার জন্য সভাপতি (Stakeholders)'দের অধিকতর নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালনের অনুরোধ জানিয়ে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ জাহাংগীর আলম
অতিরিক্ত সচিব (রাজনৈতিক ও আইসিটি)
ও
আহবায়ক
শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কমিটি
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

নং-৪৪.০০.০০০০.০২১.৯৯.০০৩.১৯- ২০০৮(২৫)

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): তারিখ: ৩১ মার্চ ২০২১ খ্রি:

১। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
২। মহাপরিচালক, বাংলাদেশ কোস্টগার্ড, শেরে বাংলা নগর, ঢাকা।
৩। মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ, পিলখানা, ঢাকা।
৪। মহাপরিচালক, আনসার ও ভিডিপি অধিদপ্তর, খিলগাঁও, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব ...............................................(সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৬। সমন্বয়ক, তদন্ত সংস্থা, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ধানমন্ডি, ঢাকা।
৭। পরিচালক, ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার, তেজগাঁও, ঢাকা।
৮। যুগ্মসচিব ...............................................
৯। উপসচিব/সিনিয়র সহকারী সচিব, (আইন-২/পুলিশ-৩/সীমান্ত-৩/বাজেট-১/রাজনৈতিক-১/আইসিটি সেল/ প্রশাসন-৩) জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১০। সহকারী প্রোগ্রামার (আইসিটি সেল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

(৮ ও ৯ নং: ...(সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।)

**অনুলিপি:**

১। অতিরিক্ত সচিব (রাজনৈতিক ও আইসিটি), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।

৩১/৩/২০২১
আশাফুর রহমান
উপসচিব
ফোনঃ ৯৫৭৪৫৩০
ই-মেইল: admin3@mhapsd.gov.bd